চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা
চট্টগ্রাম ।

(প্রেস বিজ্ঞপ্তি)

আইনের শাসন,মানবাধিকার এবং কলুষমুক্ত বিচারাঙ্গন প্রতিষ্ঠায় আইনজীবীদেরকে নিরলস প্রচেষ্টা চালিয়ে যেতে হবে- সিটি মেয়র

চট্টগ্রাম- ০৪ জুলাই ২০১৮

দেশে আইনের শাসন,মানবাধিকার এবং কলুষমুক্ত বিচারাঙ্গন প্রতিষ্ঠায় বিজ্ঞ আইনজীবীদেরকে নিজেদের অবস্থান থেকে নিরলস প্রচেষ্টা চালিয়ে যাওয়ার আহবান জানিয়েছেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন। আজ বুধবার বিকেলে সম্মিলিত আইনজীবী সমন্বয় পরিষদের উদ্যোগে আয়োজিত ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। সম্মিলিত আইনজীবী সমন্বয় পরিষদের আহবায়ক জেলা আইনজীবী সমিতির সভাপতি এডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক,জেলা পরিষদের চেয়ারম্যান এম এ সালাম, দক্ষিণ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোহাম্মদ মফিজুর রহমান বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। আইনজীবী সমিতি মিলনায়তনে অনুষ্ঠিত সভায় অন্যান্যদের মধ্যে বার কাউন্সিলের সাবেক সদস্য এড.ইব্রাহিম হোসেন চৌধুরী বাবুল, জেলা আইনজীবি সমিতির সাবেক সভাপতি একিউএম সিরাজুল ইসলাম চৌধুরী, আনোয়ারুল ইসলাম, এড.নাজমুল হাসান, এড.মুজিবুল হক, এড.আবু মোহাম্মদ হাশেম, এড.মনতোষ বড়ুয়া, এড.অশোক কুমার দাশ, এড.আবদুর রশিদ, এড.ছুরত জামাল,এড.হুমায়ুন আকতার মোস্তাক, এড সৈয়দ কামাল উদ্দিন,এড.চন্দন তালুকদার, এড.কামরুন নাহার বেগম সহ প্রমূখ মঞ্চে উপস্থিত ছিলেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সাধারন সম্পাদক এড.মো. নাজিম উদ্দিন।

অনুষ্ঠানে বিদেশের অপসংস্কৃতি গ্রহণ করার প্রবণতা ত্যাগের কথা উল্লেখ করে সিটি মেয়র বলেন আমাদেরকে বিদেশের সুসংস্কৃতি গ্রহণ করার মাধ্যমে মূল্যবোধ ও সুস্থ মন মানসিকতা ধারণ করতে হবে। যে সংস্কৃতি ব্যক্তি নৈতিকতা,মূল্যবোধ গঠনে সহায়ক, সেটাই অন্তরে নিতে হবে। তিনি বলেন উন্নত জাতিরা পরচর্চার চেয়ে আত্মচর্চা করে বেশি। আর আমরা আত্মচর্চা না করে পরচর্চা করি বেশি। এই অপ্রিয় সত্যটুকু আমাদেরকে স্বীকার করতে হবে ।এই অপমানসিকতা থেকে বেরিয়ে আসার মাধ্যমে একটি সমৃদ্ধশীল ও উন্নত জাতি গঠন করতে পারি। এ লক্ষ্যে তিনি প্রত্যেককে স্ব স্ব অবস্থান থেকে নিরন্তর প্রয়াস অব্যাহত রাখার উপর গুরুত্বারোপ করেন। তিনি আরো বলেন, ব্যক্তি মানসিকতা পরিবর্তনের এই সামাজিক আন্দোলনে আইনজীবীদেরও সক্রিয় ভূমিকা রয়েছে। তাই যুক্তি সঙ্গত সময়ের মধ্যে ন্যয়বিচার প্রতিষ্ঠায় বিচারপ্রার্থী জনগণের দূর্ভোগ লাঘবে চট্টগ্রাম আইনজীবি এবং বেঞ্চের সমন্বিত প্রয়াস থাকা বাঞ্চনীয় ।এ প্রসঙ্গে মেয়র বলেন আইনের শাসন ও সুবিচার নিশ্চিত করণে চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির গৌরবোজ্জল ঐতিহ্য রয়েছে। সেই ঐতিহ্যের ধারাবাহিকতায় চট্টগ্রাম জেলা আইনজীবি সমিতির বিজ্ঞ সদস্যগণ ন্যায় বিচার প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করবে। অনুষ্ঠান পরিচালনা করেন চট্টগ্রাম জেলা আইনজীবী সমিতির সহ সাধারন সম্পাদক এড.ইয়াছিন চৌধুরী খোকন

(প্রেস বিজ্ঞপ্তি)

চট্টগ্রাম- ০৪ জুলাই ২০১৮

ভিটামিন "এ"প্লাস ক্যাম্পেইন সফলভাবে উদযাপনের তাগিদ দিলেন সিটি মেয়র

আগামী ১৪ জুলাই ২০১৮ শনিবার চট্টগ্রাম মহানগরীতে জাতীয় ভিটামিন "এ" প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত হবে। এই উপলক্ষে আজ বুধবার দুপরে কর্পোরেশনের কে বি আবদুচ ছাত্তার মিলনায়তনে এক অবহিতকরণ ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। চসিক শিক্ষা স্বাস্থ্য স্ট্যান্ডিং কমিটির চেয়ারম্যান ও কাউন্সিলর নাজমুল হক ডিউকের সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় কাউন্সিলর হাসান মুরাদ বিপ্লব ও সচিব মোহাম্মদ আবুল হোসেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে স্বাস্থ্য অধিদপ্তরের উপ পরিচালক ডা. এ কে এম আজাদ জাতীয় ভিটামিন "এ" প্লাস ক্যাম্পেইন এর উপকারিতা সম্পর্কে পাওয়ার পয়েন্টে প্রেজেন্টেশন করেন। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. সেলিম আক্তার চৌধুরী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন। সভা সঞ্চালনায় ছিলেন স্বাস্থ্য কর্মকর্তা ডা. মোহাম্মদ আলী। প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, বাংলাদেশের শিশুদের ভিটামিন এ প্লাস অভাবজনিত সমস্যা দূরীকরণে এই কর্মসূচী সফলভাবে সম্পন্ন করতে হবে। তিনি বলেন, ভিটামিন এ ক্যাপসুল শুধুমাত্র অপুষ্টিজনিত অন্ধত্ব থেকে শিশুদের রক্ষা করে তাই নয়, এটি ডায়রিয়ার ব্যাপ্তিকাল ও জটিলতা কমায়, সর্বোপরি শিশু মৃত্যুর ঝুঁকি হ্রাস করে। মেয়র এই কর্মসূচী সম্পর্কে ব্যাপক জনসচেতনতা সৃষ্টির জন্য প্রচার প্রচারনার উপর জোর দিয়ে বলেন, নগরীর সকল মানুষ যাতে এই কর্মসূচী সম্পর্কে অবহিত হতে পারে, সে লক্ষ্যে মসজিদ, মন্দির, গীর্জা ও ধর্মীয় উপাসনালয়ে পত্র প্রেরণ, ব্যাপক মাইকিং, বিজ্ঞপ্তি ও ক্যাবল নেটওয়ার্কে প্রচার সহ সবধরনের প্রচার প্রচারনার উদ্যোগ নেয়ার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশ দেন। তিনি বস্তি এলাকায় বসবাসকারী কোন শিশু যাতে এই কর্মসূচী থেকে বাদ না পড়ে সেদিকে বিশেষ নজর দেয়ার আহবান জানান। সম্প্রতি নগরীর হালিশহর এলাকায় জন্ডিস, টাইফয়েড, ডায়রিয়ার প্রাদুর্ভাব দেখা দেয়ায় স্থানীয় জনগণের মাঝে আতঙ্কের কথা উল্লেখ করে সিটি মেয়র বলেন, এতে আতঙ্কিত ও ভয় পাওয়ার কোন কারণ নেই। এটা একটি পানিবাহিত রোগ। পুকুর, ডোবা, খাল বা অনিরাপদ পানি পান করলে অথবা বাসি বা ময়লামুক্ত খাবার খেলে এই রোগে আক্রান্ত হওয়ার সম্ভাবনা থাকে। তবে সচেতন থাকলেই এই রোগসমুহ থেকে রক্ষা পাওয়া যায় । এ প্রসঙ্গে তিনি তাই কারো হঠাৎ জন্ডিস,টাইফয়েড, ডায়রিয়া হলে আতঙ্কিত না হয়ে সিটি কর্পোরেশন পরিচালিত স্বাস্থ্য কেন্দ্র ও হাসপাতালে বা স্থানীয় চিকিৎসকের পরামর্শ নেয়ার জন্য নগরবাসীকে বিশেষভাবে অনুরোধ জানান।

উল্লেখ্য, ঐদিন সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা নগরীর ৪১টি ওয়ার্ডে স্থায়ী/অস্থায়ী ১২৮৮টি কেন্দ্রে ৬-১১ মাসের প্রায় ৮০ হাজার শিশুকে একটি নীল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল, ১২-৫৯ মাসের ৪ লক্ষ ৩০ হাজার শিশুকে ১টি উচ্চ ক্ষমতা সম্পন্ন লাল রঙের ভিটামিন 'এ' ক্যাপসুল ট্যাবলেট খাওয়ানো হবে তবে সকল শিশুকে ৬ মাস বয়স পর্যন্ত শুধুমাত্র মায়ের দুধ খাওয়ানো উচিত। জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উদযাপন কালে সকল শিশুকে অবশ্যই ভরাপেটে ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানো এবং নিকটস্থ টিকা কেন্দ্রে নিয়ে এসে ভিটামিন 'এ' প্লাস ক্যাপসুল খাওয়ানোর জন্য সকল পিতামাতা ও অভিভাবকদের অনুরোধ জানান চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

(প্রেস বিজ্ঞপ্তি)

এমপি শামসুল হক চৌধুরীর
মা এর মৃত্যুতে সিটি
মেয়রের শোক

চট্টগ্রাম- ০৪ জুলাই ২০১৮

পটিয়ার সংসদ সদস্য (চট্টগ্রাম-১২)আলহাজ্ব শামসুল হক চৌধুরী'র মা বেগম সফুরা করিম চৌধুরী (৭৮) এর মৃত্যুতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন শোক প্রকাশ করেন। আজ এক শোক বার্তায় সিটি মেয়র মরহুমার রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোক সন্তপ্ত পরিবার পরিজনের প্রতি গভীর সমবেদনা জানান।

(প্রেস বিজ্ঞপ্তি)

বকেয়া পৌরকরের
১৯ লাখ টাকা পরিশোধ
করলো নার্সিং কলেজ

চট্টগ্রাম- ০৪ জুলাই ২০১৮

চট্টগ্রাম সিটি কর্পোরেশনকে ২০০৮ হতে ২০১৭-২০১৮ অর্থ বছরের বকেয়া পৌরকর বাবদ ১৯ লাখ ৮৩ হাজার ৯ শত টাকা পরিশোধ করেছে চট্টগ্রাম নার্সিং কলেজ। আজ বুধবার দুপুরে মেয়র দপ্তরে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীনের হাতে বকেয়া পৌরকরের এই চেক হস্তান্তর করেন নার্সিং কলেজের অধ্যক্ষ মাকসুদা বেগম। এসময় চট্টগ্রাম সিট কর্পোরেশনের রাজস্ব সার্কেল-২ এর উপ-কর কর্মকর্তা বাবু রূপম কান্তি চৌধুরী, নার্সিং কলেজের হিসাব রক্ষক সিরাজ দৌল্লাহ মজুমদারসহ কর্পোরেশনের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। চেক গ্রহণকালে মেয়র বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন একটি সেবামূলক প্রতিষ্ঠান। কর্পোরেশন নাগরিক সেবা প্রদানের জন্য পৌরকর এর ওপর নির্ভর করতে হয়। তিনি চট্টগ্রামকে পরিচ্ছন্ন সুন্দর নগরী হিসেবে গড়ে তুলতে নগরবাসী ও সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানকে তাদের বকেয় পৌরকর দ্রুত পরিশোধের আহবান জানান। সিটি মেয়র বকেয়া কর প্রদানে আগ্রহী ব্যক্তি ও প্রতিষ্ঠানকে কর্পোরেশনের পক্ষ থেকে সার্বিক সহযোগিতা করা হবে বলে উল্লেখ করেন।

সংবাদদাতা
রফিকুল ইসলাম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন